# জনধন নিয়ে কটাক্ষ কেন্দ্রকে

*নিজস্ব সংবাদদাতা*

এ বার জনধন অ্যাকাউন্ট নিয়ে তৃণমূল সাংসদ জহর সরকারের তোপের মুখে মোদী সরকার। অর্থ প্রতিমন্ত্রী ভগবৎ কারাডের চিঠি তুলে ধরে তাঁর বক্তব্য, খোদ অর্থ মন্ত্রকই জানিয়েছে ৫১ কোটি জনধন অ্যাকাউন্ট খোলা হয়েছিল, তার ১৮-২০ শতাংশেই কোনও লেনদেন হচ্ছে না। ওই সমস্ত অ্যাকাউন্টে রয়েছে ১১,৫০০ কোটি টাকা। যা প্রকল্পটির অধীনে ব্যাঙ্কে জমা হওয়া টাকার ৫.৬%। সাংসদের কথা, "জনধন অ্যাকাউন্টের 'সাফল্য' নিয়ে মন্ত্রক যখন খুব বড়াই করে, তখনই প্রায় ১১,৫০০ কোটি টাকা অব্যবহৃত হয়ে পড়ে রয়েছে।"

দেশের সব মানুষকে ব্যাঙ্কিং পরিষেবার আওতায় আনতে টাকা রাখার বাধ্যবাধকতা না থাকা ব্যাঙ্ক অ্যাকাউন্ট (জিরো ব্যালান্স) খোলার পরিকল্পনা করেছিল পূর্বতন ইউপিএ সরকার। তারা প্রকল্পটিকে পুরোপুরি কার্যকর করার আগেই ভোটে হারে। কেন্দ্রে ক্ষমতায় আসার পর প্রধানমন্ত্রী জনধন যোজনা নাম দিয়ে জিরো ব্যালান্স ব্যাঙ্ক অ্যাকাউন্ট প্রকল্প চালু করে মোদী সরকার। তা জীবন জ্যোতি বিমা যোজনা, সুরক্ষা বিমা যোজনা, অটল পেনশন যোজনা বা মুদ্রা যোজনার মতো কেন্দ্রের বিভিন্ন ভর্তুকি প্রকল্প কার্যকরের জন্যও ব্যবহার হয়।

জনধন নিয়েই অর্থ মন্ত্রকের কাছে চিঠি পাঠিয়েছিলেন জহর। যার উত্তরে কারাড জানিয়েছেন, কোনও অ্যাকাউন্টে টানা দু'বছর লেনদেন না হলে সেটি 'বন্ধ' (ইনঅপারেটিভ) হিসেবে ধরা হয়। তবে চাইলে যে কোনও সময়ে কেওয়াইসি জমা দিয়ে নিখরচায় তা ফের চালু করা যায়। ব্যাঙ্কগুলিকে আর্থিক বিষয়ক বিভাগ বন্ধ জনধন অ্যাকাউন্টকে পুনরায় চালুর জন্য পদক্ষেপ করতে বলেছে।